



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ৪/কল/রং/৫৬৫/১৭৩৪

তারিখঃ ১৮/০২/২০১৯ ইং

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে “ছগোল” বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৩০০, তারিখঃ ২৭/০৯/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতিক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে নিম্নবর্ণিত শর্তে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষাক্রম কাঠামোর শাখা ভিত্তিক ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে “ছগোল” বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্ত সমূহ :

- ১। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিও ছুক্ত করা যাবে না;
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে;
- ৯। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১০। মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে;
- ১১। প্রতি শিক্ষাবর্ষে উক্ত বিষয়ে কমপক্ষে ২৫ জন ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,

রাজারহাট আদর্শ মহিলা কলেজ

ডাকঘর : রাজারহাট, উপজেলা : রাজারহাট,

জেলা : কুড়িগ্রাম।

২/১৯

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

স্মারক নং- ৪/কল/রং/৫৬৫/১৭৩৪

তারিখঃ ১৮/০২/২০১৯ ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৫। ওয়েব সাইট কপি।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।